

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/পঞ্চগড়-৩৪/৮৮

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২
০৮ মার্চ ২০২৬

বিষয় : অধ্যক্ষ জনাব মো: আব্দুল মতিন সরকার কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

- সূত্র: ১। জনাব মো: আব্দুল মতিন সরকার এর ই- অফিস ম্যানেজমেন্টের ৩৩৩২৫১২৫৮৫০১ নং আবেদন;
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/পঞ্চগড়-৩৪/৯৭; তারিখ: ৩১ আগস্ট ২০২৫ খ্রি.;
৩। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং ০৫.৪৭.৭৭০৪.০০০.৩১.০০১.২৫.৪৬; তারিখ: ১৩/০১/২০২৬ খ্রি.;
৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/সংস্থাপন/আপিল এন্ড আরবিট্রেশন/৫৬৯; তারিখ: ১৪/০৫/২০২৩ খ্রি.;
৫। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/পঞ্চগড়-৩৪/৭২; তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৬;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পঞ্চগড় জেলার আটোয়ারী উপজেলাধীন লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে অবৈধভাবে অধ্যক্ষ জনাব মো: আব্দুল মতিন সরকার কে সাময়িক বরখাস্ত করেছেন মর্মে সূত্রোক্ত ১নং স্মারকে অভিযোগ করেছেন। অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড় কে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড় অভিযোগের তদন্ত করে তদন্ত প্রতিবেদন সূত্রোক্ত ০৩ নং স্মারকে প্রেরণ করেছেন।

০২. উক্ত মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আব্দুল মতিন সরকার কে এডহক কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২৭/০৫/২০২৫ ইং তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। অদ্যাবদি অধ্যক্ষ জনাব মো: আব্দুল মতিন সরকার কে সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হয় নি।

০৩. উক্ত প্রতিষ্ঠানের উপাধ্যক্ষ ও একজন জ্যেষ্ঠ প্রভাষক কে বাদ দিয়ে এডহক কমিটির সিদ্ধান্ত মোতাবেক চূড়ান্ত বরখাস্তকৃত জনাব আব্দুল হাকিম সরকার, প্রভাষক, ইসলামের ইতিহাস কে দায়িত্ব প্রদান করা হয়। জনাব আব্দুল হাকিম সরকার কে বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন সভায় সূত্রোক্ত ০৪ নং স্মারকে চূড়ান্ত বরখাস্ত করা হয়। বোর্ডের আদেশ ব্যতিরেকে চূড়ান্ত বরখাস্তকৃত ব্যক্তি কে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন ও বেতন ভাতা প্রদান করা বিধিসম্মত নয়। ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আব্দুল হাকিম সরকার তার চূড়ান্ত বরখাস্তের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে একটি রিট পিটিশন দায়ের করেন যা অদ্যাবধি চলমান আছে।

০৪. ভারপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল হাকিম সরকার ও বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব আব্দুল মতিন সরকারের বিরুদ্ধে মামলার সর্বশেষ অবস্থা জানার জন্য সূত্রোক্ত ০৫ নং স্মারকে পত্র দেয়া হয়। বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: আব্দুল মতিন সরকার মামলার সর্বশেষ অবস্থা অবহিত করেছেন কিন্তু ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আব্দুল হাকিম সরকার কোন জবাব দাখিল করে নি।

০৫. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলায় ১০/১১/২০১৫ খ্রি: তারিখে একটি সার্বজনীন নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনাটি নিম্নরূপ: “Accordingly, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond ৬০ (sixty) days from the date of his/her suspension. If the suspension continues for further period, exceeding ৬০ (sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/ letter ends up in a final order”.

০৬. যেহেতু জনাব আব্দুল মতিন সরকার এর বেতন-ভাতা বন্ধ করার বিষয়ে কোন প্রকার তদন্ত করা হয়নি বা কোন কর্তৃপক্ষ কর্তৃক তা অনুমোদন করা হয়নি; সেহেতু দীর্ঘ সময় ধরে তার বেতন-ভাতা বন্ধ রাখা বিধিসম্মত হয়নি মর্মে প্রতীয়মান হয়। অধিকন্তু মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলায় ১০/১১/২০১৫ খ্রি: তারিখের নির্দেশনামতে কোনো ব্যক্তিকে ৬০(ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখার সুযোগ নেই।

০৭. এমতাবস্থায়, জনাব আব্দুল মতিন সরকার কে স্ব-পদে পুনর্বহাল করা হলো। পত্র জারির পর থেকে লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ পদে জনাব আব্দুল মতিন সরকার দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো। ১৬/০৮/২০২৫ ইং তারিখের প্রস্তাবিত গভানিং বডি এতদ্বারা বাতিল করা হলো। এডহক কমিটি অনুমোদন না হওয়া পর্যন্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮(২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর অনুচ্ছেদ ১৭.৪ মোতাবেক সভাপতির স্থলে উপজেলা নির্বাহী অফিসার বেতন বিলে প্রতিস্বাক্ষর করবেন।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৬/৩/২৬

১। অধ্যক্ষ, জনাব আব্দুল মতিন সরকার,
লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, আটোয়ারী, পঞ্চগড়;

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/ পঞ্চগড়-৩৪/৮৮/৭

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২
০৮ মার্চ ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পঞ্চগড়;
২. উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড় (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৩. জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটোয়ারী, পঞ্চগড়;
৫. জনাব আব্দুল হাকিম সরকার, সাবেক প্রভাষক, ইসলামের ইতিহাস (চূড়ান্ত বরখাস্তকৃত), লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, পঞ্চগড়;
৬. ম্যানেজার, সোনালী/বুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি.; শাখা, আটোয়ারী, পঞ্চগড়;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।



মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

